মেহেরপুরের আমদহে গাছের চারা বিতরণ ও রোপণ

মেহেরপুরের আমদহ ইউনিয়নের আমদহ, বামনপাড়া ও চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ১,৫০০ বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরণ ও বিদ্যালয় প্রাঙ্গণে রোপণ করা হয়েছে।

মঙ্গলবার মানব উন্নয়ন কেন্দ্র (মউক), কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এবং ইউথ ফোরাম মেহেরপুরের যৌথ উদ্যোগে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এতে উপস্থিত ছিলেন স্থানীয় জনপ্রতিনিধি, কমিউনিটি ওয়াচ গ্রুপ ও ইউথ ফোরামের সদস্য, বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, গাছ পরিবেশ রক্ষা, জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও জীববৈচিত্র্য সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ছোটবেলা থেকেই শিশুদের মধ্যে গাছ লাগানোর অভ্যাস গড়ে তোলা জরুরি। এ কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীদের হাতে চারা তুলে দিয়ে তাদের পরিবেশ সচেতন করে তোলা হয়েছে।

কর্মসূচির অংশ হিসেবে শুধু বিতরণ নয়, বিদ্যালয় প্রাঙ্গণে ফলজ, বনজ ও ভেষজ গাছও রোপণ করা হয়। আয়োজকরা জানান, ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে গাছের চারা বিতরণ ও রোপণের উদ্যোগ নেওয়া হবে।

বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে চারা বিতরণ করেন প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা, প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা।

মুজিবনগরে পিএসকেএস এর

উদ্যোগে বিনামূল্যে ফলজ বৃক্ষের চারা বিতরণ

মেহেরপুরের মুজিবনগরে পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতর নিজস্ব অর্থায়নে বিনামূল্যে ফলজ গাছের চারা বিতরন করা হয়েছে।

রবিবার বিকেলে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে সাধারণ জনগণের মাঝে ২শত ৫০ টি পেয়ারা গাছের চারা এবং ২শত ৫০ টি কাঁঠাল গাছের চারা বিতরণ করা হয়েছে। পরিবেশের ভারসাম্য রক্ষা ও দেশিও ফলের উৎপাদন বৃদ্ধি এবং সবুজ বাংলাদেশ গড়ার লক্ষে এমন উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান আয়োজকরা।

ফলজ বৃক্ষের চারা বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির কর্মসংস্থান সৃষ্টি রিজিওনাল ম্যানেজার সেলিম রেজা। এছাড়াও আরো উপস্থিত ছিলেন ইউনিয়ন প্রবীণ সভাপতি আফজাল হোসেন এবং সহ-সভাপতি গন আরো উপস্থিত ছিলেন উপজেলা সমন্বয়কারী হাসানুজ্জামান, সহকারী উপজেলা কর্মসূচি সমন্বয়কারী রহিম আক্তার এবং স্বাস্থ্য কর্মকর্তা ইয়াস্তুরা সুলতানা।

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে বিনামূল্যে ফলজ বৃক্ষের চারা বিতরণ

মেহেরপুরের গাংনীতে পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতর নিজস্ব অর্থায়নে বিনামূল্যে ফলজ গাছের চারা বিতরন করা হয়েছে। আজ রবিবার সকালে গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নে সাধারণ জনগণের মাঝে ২৫০ টি পেয়ারা গাছের চারা এবং ২৫০ টি কাঁঠাল গাছের চারা বিতরণ করা হয়েছে। পরিবেশের ভারসাম্য বজায় রাখার জন্য এমন উদ্যোগ নেয়া হয়।

সংস্থার এক কর্মকর্তা জানান, সবুজ শ্যামল করার জন্য পলাশী পাড়া

সমাজ কল্যাণ সমিতি এই উদ্যোগ গ্ৰহণ করে। এই বৃক্ষ আমাদের অক্সিজেন সরবরাহ করে আমাদের জীবন বাঁচাতে সহায়তা করবে এবং আমাদের দেশীয় ফলের চাহিদা মেটাবে।

উক্ত বৃক্ষের চারা বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাজিপুর ইউনিয়ন প্রবীণ কমিটির সহ সভাপতিসহ সদস্যরা, সাহেব নগর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, পিএসকেএস এর পরিচালক কর্মসূচী মোঃ কামরুল আলম, উপজেলা কর্মসূচী সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, সহকারী উপজেলা কর্মসূচী সমন্বয়কারী মোঃ রাকিবুল ইসলাম,স্বাস্থ্য কর্মকর্তা মোছাঃ সাবিহা সুলতানা এবং কর্ম সংস্থান সৃষ্টি কর্মসূচির শাখা ব্যবস্থাপক মোঃ ওমর ফারুক এসময় উপস্থিত ছিলেন।

মেহেরপুরে কামরুল হাসানের গণসংযোগ ও লিফলেট বিতরণ

মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান আজ শনিবার বিকেল পাঁচটায় সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের শালিকা- বাড়িবাকা গ্রামে গণসংযোগ করেন। এ সময় তিনি বিএনপির কেন্দ্র ঘোষিত ৩১ দফা বাস্তবায়নের লক্ষ্যে লিফলেট বিতরণ করেন এবং সাধারণ মানুষের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগকালে জেলা বিএনপির সদস্য ওমর ফারুক লিটন, বাঁকা বিল্লাহ, জহির হোসেন চঞ্চল, শাহিদুল ইসলাম, ফিরোজুর রহমান, সৌরভ, নাহিদসহ স্থানীয় বিএনপি নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ সময় অ্যাড. কামরুল হাসান বলেন, “দেশে জনগণের সরকার প্রতিষ্ঠা করতে হলে ৩১ দফা বাস্তবায়নের বিকল্প নেই। এই কর্মসূচির প্রতিটি দফা জনগণের মুক্তির সনদ।”

মুজিবনগর কৃষি প্রনোদনার আওতায় পেঁয়াজ সংরক্ষণ মেশিন বিতরণ

মুজিবনগরে কৃষি প্রণোদনার আওতায় পেঁয়াজ সংরক্ষণ মেশিন বিতরণ করা হয়েছে।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও উপজেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার সকালে কৃষি অফিস প্রাঙ্গণে এ বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আয়োজিত অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পেঁয়াজ সংরক্ষণ মেশিন বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপজেলা কৃষি অফিসার (ভারপ্রাপ্ত) রফিকুল ইসলাম, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা মিজানুর রহমান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা কৃষি অফিসের উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দসহ প্রণোদনা প্রাপ্ত পেঁয়াজ চাষিগণ উপস্থিত ছিলেন।

২০২৪-২০২৫ অর্থবছরে কৃষি প্রণোদনার আওতায় ৩০ জন পেঁয়াজ চাষিকে একটি করে পেঁয়াজ সংরক্ষণ মেশিন এবং মেশিন বাবদ ও ঘর সংস্কারের জন্য ২৭ হাজার টাকার চেক প্রদান করা হয়।

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে শিক্ষা উপকরণ বিতরণ

“শুভ কাজে সবার পাশে” এই স্লোগানকে ধারণ করে মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ১০ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

করা হয়েছে।

সোমবার (২৮ জুলাই) সকালে এস এম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে এই শিক্ষা উপকরণ তুলে দেন সংগঠনটির সদস্যরা।

বসুন্ধরা শুভসংঘের শিক্ষা উপকরণ পেয়ে শিশু শিক্ষার্থীদের মাঝে উচ্ছ্বাস দেখা গেছে। শিশুদের হাতে শিক্ষা উপকরণ হিসেবে খাতা, কলম, হার্ডবোর্ড, স্কেল, ফাইল ও জ্যামিতি বক্স তুলে দেওয়া হয়েছে।

কলেজ শিক্ষক ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস. এম. রফিকুল আলম বকুলের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন এস. এম. সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিরোজ আহমেদ, বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, স্বাস্থ্য ও মানবসম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান, নির্বাহী সদস্য হ্যাপি, লামিয়া, মোমিনুর রহমান, মোনিব প্রমুখ।

সভাপতির বক্তব্যে এস. এম. রফিকুল আলম বকুল বলেন, “শুভ কাজে সবার পাশে” এটা শুধু স্লোগান নয়, বসুন্ধরা শুভসংঘ সমাজের সুবিধাবঞ্চিত শিশুদের পাশে সবসময় থাকবে।

তিনি বলেন, এ ধরনের উদ্যোগের ফলে শিক্ষার্থীরা পড়ালেখায় আরও উৎসাহিত হবে। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ভালো লেখাপড়া ও নৈতিক শিক্ষার মাধ্যমে তোমরা নিজেকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলবে। তোমরা দেশের ভবিষ্যৎ। তোমাদেরকে সমাজ ও দেশের প্রয়োজনে যোগ্য হয়ে গড়ে উঠতে হবে।

শিক্ষা উপকরণপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে পঞ্চম শ্রেণির এক শিক্ষার্থী তার অনুভূতি ব্যক্ত করে বলেন, খুব ভালো লাগছে, খুশি হয়েছি, আমি ভালো করে লেখাপড়া করব।

চতুর্থ শ্রেণির শিক্ষার্থী সুচী বলেন, আজকের শিক্ষাসামগ্রী পেয়ে খুব আনন্দ লাগছে।

প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ফিরোজ আহমেদ বসুন্ধরা শুভসংঘের এই উদ্যোগের প্রশংসা করেন এবং ভবিষ্যতে আরও বেশি সংখ্যক শিক্ষার্থীকে এর আওতায় আনার আহ্বান জানান। তিনি সমাজের কম সুবিধাপ্রাপ্ত ও গরিব কিন্তু মেধাবী শিক্ষার্থীদের জন্য এ ধরনের

আরও বেশি উদ্যোগ নেওয়ার আহ্বান জানান।

মেহেরপুরে বিএনপি’র ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ ও গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি’র ৩১ দফা দাবি সাধারণ মানুষের মাঝে তুলে ধরতে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি পালন করেছে জেলা বিএনপি।

গতকাল রবিবার বিকেলে এ কর্মসূচির নেতৃত্ব দেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

আশরাফুর বাজারের ব্যবসায়ী, ক্রেতা, বিক্রেতা ও গ্রামের জনসাধারণের মধ্যে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন তিনি। এ সময় তিনি বলেন, আপনারা জানেন কিছু দিন আগে এক ফ্যাসিবাদ খায়রুল হক গ্রেফতার হয়েছে, সে এই দেশেই ছিলো কিন্তু বর্তমান সরকার ও আইন শৃঙ্খলা বাহিনীর গাফেলতির জন্য তাকে গ্রেফতার করতে এতো সময় লাগলো।

আমরা চাই এই খাইরুল হকের মত যেসব বিচারক অবৈধ রায় দিত, শেখ হাসিনার লিখিত রায়কে বাস্তবায়ন করতো, তাদেরকে দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে এসে বিচার কার্য সম্পন্ন করতে হবে। তিনি আরো বলেন, আগামী নির্বাচনে মেহেরপুরের ১ এবং ২ আসন বিএনপিকে উপহার দিব ইনশাআল্লাহ। এজন্য আমাদের সকলকে ঐক্যবদ্ধ থাকতে হবে।

গণসংযোগকালে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য আনছারুল হক, ওমর ফারুক লিটন, সদর যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুল ইসলাম ফিরোজ, ইলিয়াস হোসেন, আমদহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, শ্যামপুর ইউনিয়নের সাধারণ

সম্পাদক সাহিদুল ইসলামসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

বিএনপি নেতারা জানান, দেশের প্রতিটি অঞ্চলে এ ধরনের গণসংযোগ চালিয়ে জনগণকে ৩১ দফা সম্পর্কে সচেতন করা হবে। এই কর্মসূচিকে কেন্দ্র করে স্থানীয় জনসাধারণের মাঝে ব্যাপক আগ্রহ লক্ষ্য করা যায়।

হরিণাকুণ্ডুতে গাছের চারা রোপন ও বিতরণ

পরিবেশের ভারসাম্য রক্ষায় ঝিনাইদহের হরিণাকুন্ডুতে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপন ও বিতরণ করা হয়েছে।

রোববার সকালে হরিণাকুন্ডু উপজেলার দৌলতপুর ইউনিয়নের সোনাতন মাধ্যমিক বিদ্যালয়ে এ বৃক্ষ রোপন কার্যক্রমের উদ্বোধন করেন কেসি কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি ও জেলা ছাত্রদলের সদস্য আব্দুল সালাম।

সেসময় ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহাবুদ্দিন, সহকারী প্রধান শিক্ষক নিজাম উদ্দিন, জালাল উদ্দিন, শহিদুল ইসলাম, কেসি কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক জীবন মিয়া ছাত্রদল নেতা এনামুল হকসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে বিদ্যালয়ের ৩ শতাধিক শিক্ষার্থীর মাঝে বনজ, ফলজ ও ঔষধি গাছের চারা রোপন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি আব্দুল সালাম বলেন,“গাছ আমাদের জীবনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ”। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় আমাদের সবাইকে গাছ লাগাতে হবে। প্রতিটি মানুষ যদি অন্তত একটি করে গাছ রোপণ করে, তাহলে পরিবেশের ভারসাম্য রক্ষা করা সহজ হবে। নতুন প্রজন্মকে ছোটবেলা থেকেই গাছপালার গুরুত্ব বোঝাতে হবে, যেন তারা পরিবেশবান্ধব সমাজ গড়ে তুলতে পারে।

মেহেরপুরে এ্যাড. কামরুল হাসানের গণসংযোগ ও লিফলেট বিতরণ

মেহেরপুর সদর উপজেলার বারাদি বাজারে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি’র ৩১ দফা দাবি সাধারণ মানুষের মাঝে তুলে ধরতে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি পালন করেছে জেলা বিএনপি।

শনিবার (২৭ জুলাই) বিকেলে এ কর্মসূচির নেতৃত্ব দেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

বারাদি বাজারের ব্যবসায়ী, ক্রেতা, বিক্রেতা ও আগত জনসাধারণের মধ্যে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন তিনি। এ সময় তিনি বলেন, “দেশে গঠনতান্ত্রিক ও জনগণের সরকার প্রতিষ্ঠায় বিএনপি যে ৩১ দফা কর্মসূচি ঘোষণা করেছে, তা সাধারণ মানুষের অধিকার ও ভবিষ্যৎ নিশ্চিত করার রূপরেখা।”

গণসংযোগকালে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ওমর ফারুক লিটন, সদর যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুল ইসলাম ফিরোজ, ইলিয়াস হোসেন, বারাদি ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলু, সাধারণ সম্পাদক কামরুজ্জামান মুকুল, শ্যামপুর ইউনিয়নের সাধারণ সম্পাদক সাহিদুল ইসলামসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

বিএনপি নেতারা জানান, দেশের প্রতিটি অঞ্চলে এ ধরনের গণসংযোগ চালিয়ে জনগণকে ৩১ দফা সম্পর্কে সচেতন করা হবে।

মেহেরপুরে প্রশিক্ষণার্থীদের মাঝে সেলাই মেশিন বিতরণ

মেহেরপুরে জীবিকায়নের লক্ষ্যে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির অংশ হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত ৩০ জন মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার (২৪ জুলাই) বিকেলে মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালকের কার্যালয়ে এই সেলাই মেশিন বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন সহকারী কমিশনার খাদিজা আক্তার, উপ-পরিচালক মহিলা বিষয়ক কর্মকর্তা মোছা: নাসিমা খাতুন, নাজমা, মীর দানিয়েল হোসেনসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, সমাজে পিছিয়ে পড়া নারীদের দারিদ্র্য ঘোচাতে এবং স্বাবলম্বী করে তুলতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। আপনারা এই সেলাই মেশিনকে কাজে লাগিয়ে একজন একজন উদ্যোক্তা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করবেন এই প্রত্যাশা আমাদের। মেশিনগুলো ব্যবহার ও সংরক্ষণে সচেতন থেকে নিজেদের আর্থিক অবস্থার উন্নয়নে এগিয়ে আসুন। তাহলেই এ প্রকল্পের সফলতা নিশ্চিত হবে।